



# জামিয়া সাহবানিয়া দারুল উলুম, ঢাকা।

সূত্র : সাহবানিয়া/অভিভাবক/৬/৩৮-৩৯

তারিখ : ০৩.০৩.১৪৩৯হি. / ২৩.১১.২০১৭ইং

বিসমিল্লাহির রাহমানির রাহীম

## খিমার ও দস্তারবন্দী মাহফিল

মুহতারাম,

আসসালামু আলাইকুম ওয়ারাহমাতুল্লাহ।

আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত শিক্ষাবর্ষে জামিয়ার রূপগঞ্জ শাখায় হাফেযে কুরআন ও দাওরায়ে হাদীস ফারেগীনদের পাগড়ী প্রদান উপলক্ষে একটি 'দস্তারবন্দী মাহফিল' অনুষ্ঠিত হয়েছিল। আলহামদু লিল্লাহ, উক্ত মাহফিলের পর থেকে এ পর্যন্ত আরও ১৮ জন ছাত্র ও ১০ জন ছাত্রী কুরআন শরীফের হিফয সম্পন্ন করেছে এবং ১১ জন ছাত্র ও ২ জন ছাত্রী দাওরায়ে হাদীসের দরস সম্পন্ন করার সৌভাগ্য অর্জন করেছে।

এ সকল ছাত্রীর সম্মাননা খিমার (ওড়না) প্রদান উপলক্ষে একটি 'খিমার মাহফিল' এবং ছাত্রদের সম্মাননা পাগড়ী প্রদান উপলক্ষে একটি 'দস্তারবন্দী মাহফিল' আয়োজনের উদ্যোগ গৃহীত হয়েছে। ইনশাআল্লাহ, 'দস্তারবন্দী মাহফিলে' বিশেষ মেহমান হিসাবে উপস্থিত থাকবেন, হযরত মাওলানা কারী আবুল হাসান আজমী সাহেব দামাত বারকাতুহুম (প্রাক্তন প্রধান, কেরাত বিভাগ, দারুল উলুম দেওবন্দ, ভারত)। এ ছাড়া দেশ বরেণ্য উলামায়ে কেরামও তাশরীফ আনবেন।

মুহতারাম, আপনি জেনে অত্যন্ত খুশি হবেন যে, জামিয়ার আসাতেযায়ে কেরাম ও শিক্ষার্থীদের প্রশিক্ষণের জন্য ১৪ ডিসেম্বর'১৭ইং থেকে ২৮ ডিসেম্বর'১৭ইং পর্যন্ত মোট ১৫ দিন 'হযরত মাওলানা কারী আবুল হাসান আজমী সাহেব দামাত বারকাতুহুম' জামিয়ার মেহমান হিসাবে উপস্থিত থাকার দাওয়াত গ্রহণ করেছেন।

### আসন্ন প্রোগ্রামগুলোতে আপনার করণীয় :

- উভয় মাহফিলের কামিয়াবির জন্য আল্লাহ তা'আলার নিকট দোয়া করা।
- সকল প্রোগ্রামে আনুমানিক ৭,০০,০০০/- (সাত লক্ষ) টাকা খরচের সম্ভাবনা রয়েছে। এ মহান বরকতপূর্ণ কাজগুলোতে তাওফীক অনুযায়ী জান-মাল দিয়ে শরীক হওয়া।
- আপনার অংশগ্রহণের এরাদা শিক্ষা দফতরে এসে পেশ করা।

মুহতারাম, আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, জামিয়ার স্বতন্ত্র বানাত শাখা (মহিলা মাদরাসা) নির্মাণের কাজ চলছে। উক্ত প্রকল্প বিষয়ক আলোচনার জন্য একটি 'অভিভাবক সম্মেলন'-এর প্রয়োজন। অপরদিকে আসন্ন খিমার মাহফিল ও দস্তারবন্দী মাহফিলের জন্য একটি ব্যাপক ব্যবস্থাপনারও প্রয়োজন। তাই জামিয়ার ঢাকাস্থ কার্যালয়টি স্বল্পপরিসরে হওয়ার কারণে উভয় মাহফিল জামিয়ার রূপগঞ্জ শাখায় অনুষ্ঠিত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ উপলক্ষে-

- আগামী ১৮ রবিউল আউয়াল'৩৯হি. / ০৮ ডিসেম্বর'১৭ইং শুক্রবার রূপগঞ্জ শাখায় 'খিমার মাহফিল' এবং সকল বিভাগের ছাত্রী ও মহিলা অভিভাবকবৃন্দের জন্য (পুরুষ মাহরামসহ) একটি 'শিক্ষা সফর'-এর আয়োজন করা হয়েছে।
- পরবর্তী ২৫ রবিউল আউয়াল'৩৯ হি. / ১৫ ডিসেম্বর'১৭ ইং শুক্রবার রূপগঞ্জ শাখায় 'দস্তারবন্দী মাহফিল' এবং সকল বিভাগের ছাত্র ও পুরুষ অভিভাবকগণের জন্য ভিন্ন আরেকটি 'শিক্ষা সফর'-এর উদ্যোগ গৃহীত হয়েছে।

জামিয়ার এ প্রোগ্রামগুলোতে আপনার স্বতঃস্ফূর্ত উপস্থিতি দ্বীনী কাজে সহযোগিতার স্বাক্ষর বহন করবে।

- ▶▶ উভয় প্রোগ্রামের বিস্তারিত সময়সূচি অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য।
- ▶▶ জামিয়া সাহবানিয়া রূপগঞ্জ শাখার লোকেশন ম্যাপ অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য।
- ▶▶ শিক্ষা সফর সংক্রান্ত নিয়মাবলী শিক্ষা সফর ফরমে দেখুন।
- ▶▶ জরুরি হেদায়াত : কুরআন কারীমের মাহফিলের পবিত্রতা রক্ষার্থে প্রোগ্রামস্থলে কোনো প্রকার ভিডিও/ক্যামেরা মোবাইল ব্যবহার না করার অনুরোধ জানানো যাচ্ছে।

আরযগুয়ার

মুফতী মুহাম্মাদ নেয়ামতুল্লাহ

মুহতামিম

জামিয়া সাহবানিয়া দারুল উলুম

প্রোগ্রামসূচি	প্রোগ্রামের স্থান	তারিখ ও সময়সূচি
খিমার মাহফিল, মহিলা অভিভাবক সম্মেলন ও শিক্ষা সফর	জামিয়া সাহাবানিয়া দারুল উলুম কুলিয়াদি (দিঘলিয়ারটেক), বিরাব, রূপগঞ্জ, নারায়নগঞ্জ	তারিখ : ১৮ রবিউল আউয়াল'৩৯হি. / ০৮ ডিসেম্বর'১৭ইং শুক্রবার। সফর শুরু : সকাল ৭.৩০টা। নির্দিষ্ট সময়ে সফর শুরু হবে, ইনশাআল্লাহ। অনুষ্ঠান শুরু : সকাল ৯.০০টা। কর্মসূচি : গুরুত্বপূর্ণ আলোচনা, হিফযের শেষ সবক শুনা, হাফেযা ও আলেমা ছাত্রীদের খিমার প্রদান এবং শিক্ষা প্রদর্শনী অনুষ্ঠান। আপ্যায়ন : দুপুর ১২.০০টা। জুমু'আ : দুপুর ১.৩০টা। জুমু'আর নামায আদায়। ফিরতি : দুপুর ২.০০টা।
দস্তারবন্দী মাহফিল ও শিক্ষা সফর	জামিয়া সাহাবানিয়া দারুল উলুম কুলিয়াদি (দিঘলিয়ারটেক), বিরাব, রূপগঞ্জ, নারায়নগঞ্জ	তারিখ : ২৫ রবিউল আউয়াল'৩৯ হি./১৫ ডিসেম্বর'১৭ ইং শুক্রবার। সফর শুরু : সকাল ৭.৩০টা। নির্দিষ্ট সময়ে সফর শুরু হবে, ইনশাআল্লাহ। অনুষ্ঠান শুরু : সকাল ৯.০০টা। কর্মসূচি : গুরুত্বপূর্ণ আলোচনা, হিফযের শেষ সবক শুনা, হাফেয ও আলেম ছাত্রদের পাগড়ী প্রদান এবং শিক্ষা প্রদর্শনী অনুষ্ঠান। আপ্যায়ন : দুপুর ১২.০০টা। জুমু'আ : দুপুর ১.৩০টা। জুমু'আর নামায আদায়। ফিরতি : দুপুর ২.০০টা।

## জামিয়ার রূপগঞ্জ শাখার লোকেশন ম্যাপ :

